This Question Paper consists of 29 questions [Section-**A** (20) + Section-**B** (5) + Section-**C** (4)] and 8 printed pages.
এই প্রশ্নপত্রটিতে 29 টি প্রশ্ন [বিভাগ-**ক** (20) + বিভাগ-**খ** (5) অথবা বিভাগ-**গ** (4)] এবং 8 টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

**Roll No.**
রোল নং.

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |

**Code No.** / কোড নং. **64/SS/O/B**

**SET**/ সেট **A**

# BENGALI

# বাংলা

# (303)

**Day and Date of Examination :** ______________________

(পরীক্ষার দিন ও তারিখ)

**Signature of Invigilators :** **1.** ______________________

(তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর)

**2.** ______________________

---

**সাধারণ নির্দেশাবলী :**

**1.** পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের রোল নং. লিখবেন।

**2.** দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও সমস্ত প্রশ্ন প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।

**3.** উত্তর-পুস্তিকার উপরে কোনোরকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং. লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গণ্য হবে।

**4.** আপনার প্রশ্নপত্রের কোড নং. **64/SS/O/B-A** উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।



**Unnati Educations**
**9899436384, 9654279279**

# BENGALI

# বাংলা

# (303)

**সময় : 3 ঘণ্টা ]** **[ পূর্ণমান : 100**

**দ্রষ্টব্য :** (i) এই প্রশ্নপত্রের **'ক'**, **'খ'** এবং **'গ'** **তিনটি** বিভাগ আছে।

(ii) বিভাগ **'ক'**-এর **সব** প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক।

(iii) বিভাগ **'খ'** এবং বিভাগ **'গ'**-এর যে কোনো **একটি** বিভাগের সব প্রশ্নের উত্তর দিতে হবে।

(iv) বিভাগ **'ক'**-এর মান **85** এবং বিভাগ **'খ'** অথবা বিভাগ **'গ'**-এর মান **15**.

## বিভাগ-ক
## (আবশ্যিক বিষয়)

**1.** (ক) নীচের কাব্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : **4**

''এলাইয়া বেনী ফুলের গাঁথনি
দেখয়ে খসায়ে চুলি।
হসিত বয়ানে চাহে মেঘ-পানে
কী কহে দুহাত তুলি''

**অথবা**

''ভগবান, তুমি যুগে যুগে দূত পাঠায়েছ বারে বারে
দয়াহীন সংসারে -
তারা বলে গেল 'ক্ষমা করো সবে', বলে গেল 'ভালোবাসো
অন্তর হতে বিদ্বেষ বিষ নাশো'।''

(খ) নীচের অংশটির কাব্য-সৌন্দর্য স্পষ্ট করুন : **2**

''সেখানে লেবুর শাখা নুয়ে থাকে অন্ধকারে ঘাসের উপর;
সুদর্শন উড়ে যায় ঘরে তার অন্ধকার সন্ধ্যার বাতাসে;
সেখানে হলুদ শাড়ি লেগে থাকে রূপসীর শরীরের' পর -''

**2.** নীচের প্রশ্নগুলির মধ্যে **যে কোনো দুটি** প্রশ্নের উত্তর লিখুন : **2x2=4**

(ক) রাধার কী আচরণের জন্য তাঁকে যোগিনী বলে মনে হচ্ছে ?

(খ) ''ভাবের ভাবিনী যদি হইতা তুমি সবে।
এমত বচন মোকে না বুলিতা তবে॥''
-উদ্ধৃত উক্তিটি কে করেছিলেন ? এই উক্তির মধ্য দিয়ে তিনি কী বোঝাতে চেয়েছেন ?

(গ) ''ভগবান, তুমি যুগে যুগে দূত পাঠায়েছ বারে বারে
দয়াহীন সংসারে -''
-সংসারকে দয়াহীন বলেছেন কেন ?

(ঘ) ''কঠোরে গঙ্গায় পূজি ভগীরথ ব্রতী,''-ভগীরথ কঠোর তপস্যা কেন করেছিলেন ?



Unnati Educations
9899436384, 9654279279

3. ''বউ জানে না, যায়নি অফিস স্বামী'' - অফিস না যাবার কারণ কী হতে পারে বলে আপনার মনে হয় ? 2

4. আখ্যান কাব্য কাকে বলে ? ঊনিশ শতকের আখ্যান কাব্যের প্রথম রচয়িতার নাম লিখুন ? আখ্যান কাব্যের নাম ও লিখুন। 2

5. ''আবার যদি ইচ্ছা করে আবার আসি ফিরে, 2
দুঃখ সুখের ঢেউ খেলানো এই সাগরের তীরে।''
-কী জাতীয় ছন্দ লিখুন এবং মাত্র নিরূপণ করুন ?

6. কবিতাটি পড়ে প্রশ্নের উত্তর লিখুন : 1x4=4
''এবার বসন্তে গান শুরু হল ঠিকই
মাঝপথে কারা যেন দুন্দুভি বাজাল
কোথাও পাথর ফেটে বেরিয়েছে জল
অনেকেই ছুটে গেল, একজন গেল না।''
(ক) 'বসন্ত' কী ইঙ্গিত বহন করে ?
(খ) প্রথম পঙ্ক্তিতে 'ঠিকই' শব্দের মধ্যে দিয়ে কী বোঝাতে চান ?
(গ) 'দুন্দুভি' বাজানোর মধ্যে দিয়ে সামাজিক যে ছবি ফুটে উঠে তা উল্লেখ করুন ।
(ঘ) 'একজন গেল না'- না যাওয়ার কী কারণ থাকতে পারে বলে আপনার মনে হয় ?

7. নীচের গদ্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : 6
''এক্ষণে, এই সকল বিষয় প্রকাশ করিয়া, তাঁহার অন্তঃকরণ কী অভূতপূর্ব চমৎকার ও অনির্বচনীয় আনন্দে পরিপূর্ণ হইল, তাহা কোনো রূপেই অনুভব করিতে পারা যায় না।''

**অথবা**

''তোমরা মনুষ্য, আমরা বিড়াল, প্রভেদ কী ?
তোমাদের ক্ষুৎপিপাসা আছে - আমাদের কি নাই ?''

8. নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন :
(ক) গালিলিওকে রোম নগরের ধর্ম সভায় কত খ্রীষ্টাব্দে উপস্থিত হতে হয়েছিল ? 1
(খ) ''এখন বল কী ?'' - এই কথাটি কে বলেছিল এবং কেন বলেছিল ? 2
(গ) অণ্টার্কাটিকা পৌঁছানোর পরে আমরা কী কী করেছিলাম ? 2
(ঘ) উদি কে ? উদির চরিত্র বিশ্লেষণ করুন। 2



Unnati Educations
9899436384, 9654279279

9. নীচের **যে কোনো একটি** প্রশ্নের উত্তর লিখুন :

(ক) ''আমার দরকার আছে।'' - এই উক্তিটি কে কাকে করেছিল বলে আপনার মনে হয় ? এই উক্তিটি সত্যিই কী বলার দরকার ছিল ? **2**

(খ) ''যশোদা অবাক হইয়া বাপের মুখের দিকে চাহিয়া রহিল।'' - বাবার নাম কি ? বাবার দিকে চেয়ে থাকার কারণ কী বলে মনে হয় ? **2**

10. নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লিখুন : **1x4=4**

''তার মানে মেসো তপনের গল্পটিকে আগাগোড়াই কারেকশান করেছেন। অর্থাৎ নতুন করে লিখেছেন, নিজের পাকা হাতে কলমে! তপন আর পড়তে পারে না। বোবার মতো বসে থাকে। তারপর ধমক খায়, 'কীরে তোর যে দেখি পায়া ভারী হয়ে গেল। সবাই শুনতে চাইছে তবু পড়ছিস না ? না কি অতি আহ্লাদে বাক্য হরে গেল ?' ''

(ক) মেসো কারেকশান কেনো করেছিল ?

(খ) পাকা হাতের লেখা বলতে লেখক কী বোঝাতে চাইছেন ?

(গ) তপন গল্প পড়তে পারছেন না কেন ?

(ঘ) কার বাক্য হরে গিয়েছিল ?

11. ''তাঁর মর্জ্জির উপরেই এখন সমস্ত নির্ভর করছে।'' **1+3=4**

- কার মর্জ্জির উপর সমস্ত কিছু নির্ভর করছে ? ঐ ব্যক্তির উপর কী নির্ভর করছে ?

**অথবা**

''পরের কাছে শেখবার আমাদের আর কিছু নেই।'' - পরের কাছে কী শিখবার নেই ? লেখক শিখবার নেই কেন বলছেন ?

12. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন : **1x4=4**

(ক) সত্যচরণের কাছারির অনতিদূরের বটগাছটির নাম কি ? **1**

(খ) মন হু-হু করে ওঠার কারণ কী বলে মনে হয় ? **1**

(গ) অর্ধেক দিন রামধানিয়া কী জানাতে আসতো ? **1**

(ঘ) হরীতকী গাছের তলায় সত্যচরণ দাঁড়িয়ে তাঁর কী উপলব্ধি হয়েছিল ? **1**


Unnati Educations
9899436384, 9654279279

**13.** নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **2x5=10**

(ক) নীচে বাংলা শব্দভাণ্ডারের চারটি শ্রেণীর উল্লেখ করা হল। কোন্ শব্দ কোন্ শ্রেণীর, বেছে নিয়ে শূন্যস্থান পূরণ করুন : **½x4=2**

(শব্দাবলি : অরণ্য, গিন্নি, ঢেউ, ভাত)

(i) তৎসম __________।  (ii) তদ্ভব __________।

(iii) অর্ধতৎসম __________।  (iv) দেশি __________।

(খ) প্রত্যয় ভেঙে দেখান **(যে কোনো দুটি)** : **1x2=2**

(i) বীরত্ব

(ii) কারক

(iii) ভ্রান্তি

(iv) রান্না

(গ) নীচের ব্যাসবাক্যকে সমাসবদ্ধ করুন **(যে কোনো দুটি)** : **1x2=2**

(i) চরণ পদ্মের ন্যায়

(ii) রসে পুষ্ট

(iii) গুরু ও শিষ্য

(iv) পাঁচ কড়ি মূল্যে ক্রীত

(ঘ) অর্থগত দিক দিয়ে নীচের বাক্যগুলি কী জাতীয় লিখুন **(যে কোনো দুটি)** : **1x2=2**

(নির্দেশক, প্রশ্নবোধক ইত্যাদি)

(i) কৃতিত্বের সঙ্গে কর্মক্ষেত্রে সুনাম অর্জন করো।

(ii) খবরটা এখনি দিয়ে এসো।

(iii) সে হয়তো আজ আসবে না।

(iv) কী সুন্দর দৃশ্য!

(ঙ) নীচের বাক্যটিকে চলিত ভাষায় পরিবর্তিত করুন : **1x2=2**

আবার কালক্রমে বিশ্রামান্তে পর্বতপৃষ্ঠে তুহিনাকারে পতিত হইবে। এই গতির বিরাম নাই।



**Unnati Educations**
**9899436384, 9654279279**

14. নীচের **যে কোনো একটি** বিষয়ে প্রতিবেদন রচনা করুন : **4**

(ক) জলাশয় বুজিয়ে বহুতল নির্মাণের চেষ্টা, এলাকাবাসীদের প্রতিরোধ। এই বিষয়ের উপর একটি প্রতিবেদন রচনা করুন।

(খ) বিদ্যালয়ছুট ছেলেমেয়েদের শিক্ষার ব্যবস্থা - এই বিষয়ের উপর একটি প্রতিবেদন রচনা করুন।

15. আপনার এলাকায় একটি বড়ো পুখুর আছে। ওখানে অনেক হাঁস ও মাছের খেলা আপনার নজরে পড়লো। নজরে পড়ার পর আপনার প্রতিক্রিয়া ব্যক্ত করুন অনধিক **40** টি শব্দে। **2**

**অথবা**

আপনার ছোটোবেলায় দুই বন্ধু মিলে খেলার মাঠে খেলতে গিয়েছিলেন, তাতে বন্ধুর পা ভেঙে যায়পড়ে গিয়ে। কর্ম জীবনের শেষ প্রান্তে হঠাৎ একদিন আপনার বাড়ীতে ঐ বন্ধুর আগমন ঘটে। তাকে দেখে আপনার কী প্রতিক্রিয়া হয়েছিল অনধিক 40 টি শব্দেলিখুন।

16. নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লিখুন : **1x3=3**

রাজ্যের সীমানায় বিশাল সৈন্যবাহিনী - নেতৃত্বে রাজা কুমারাদিত্য। প্রতিবেশি দুটি রাজ্য আজমনগর আর ফতেপুরার রাজারা নিজেদের পুরানো শত্রুতা ভুলে বিদেশি মারাঠাদের বিরুদ্ধে যুদ্ধে কুমারাদিত্যকে সাহায্য করতে এগিয়ে এসেছে।

(ক) সীমানায় সৈন্যবাহিনী মোতায়েন করা হয়েছে কেন ?

(খ) দুটি প্রতিবেশি রাজ্য শত্রুতা ভুলে গিয়েছিল কেন ?

(গ) 'শত্রুতা ভুলে' যাওয়ার মধ্য দিয়ে কীসের ইঙ্গিত পাওয়া যায় ?

17. নীচের **যে কোনো একটি** প্রশ্নের উত্তর লিখুন : **4**

(ক) নীচে কয়েকটি প্রয়োজনীয় জিনিসের নাম, পরিমাণ এবং দাম উল্লেখ করা হল। এগুলিকে ছকের সাহায্যে তালিকাবদ্ধ করুন।

(i) চাল - 3 কেজি/দাম 90 টাকা

(ii) সবজি - 3 কেজি/দাম 60 টাকা

(iii) মাছ - 1 কেজি/দাম 200 টাকা

(iv) ডাল - 400 গ্রাম/দাম 20 টাকা

(v) দুধ - 1 লিটার/দাম 30 টাকা

(খ) একটি পরিবারের কর্তা চন্দন দাস। তিন ছেলে (অমল, বিমল ও কমল) এক মেয়ে (প্রণতি) অমলের এক ছেলে (দাসু) ও এক মেয়ে (বিনি)। বিমল সন্যাস। কমলের এক মেয়ে (কমলিনী)। বংশ তালিকা তৈরী করুন।



Unnati Educations
9899436384, 9654279279

18. নীচের **যে কোনো একটি** বিষয়ে নিবন্ধ রচনা করুন : 8

(ক) গ্রাম বাংলার একটি শীতের সকালের অভিজ্ঞতা

(খ) সাম্প্রদায়িকতার অভিশাপ ও তার প্রতিরোধে ছাত্রসমাজের ভূমিকা

(গ) বিজ্ঞান সাধনায় বাঙালি

(ঘ) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর

19. চিঠি লেখার রীতি মেনে যে কোনো বিষয় অবলম্বনে একটি চিঠি লিখুন : 4

বন্ধুর কাছে চিঠি (পরিবেশ চেতনা নিয়ে)

**অথবা**

সরকারি অফিসে নৈমিত্তিক ছুটির আবেদন করুন।

20. নীচের কবিতাংশ বা গদ্যাংশের সংক্ষিপ্তসার লিখুন : 3

ভজন পূজন সাধন আরাধনা সমস্ত থাক্ পড়ে
রুদ্ধ দ্বারা দেবালয়ের কোণে কেন আছিস ওরে।
অন্ধকারে লুকিয়ে আপন-মনে
কাহারে তুই পুজিস সংগোপনে,
নয়ন মেলে দেখ্ দেখি তুই চেয়ে - দেবতা নাই ঘরে।।
তিনি গেছেন যেথায় মাটি ভেঙে করছে চাষা চাষ -
পাথর ভেঙে কাটছে যেথায় পথ, খাটছে বারো মাস।
রৌদ্রে জলে আছেন সবার সাথে,
ধুলা তাঁহার লেগেছে দুই হাতে -
তাঁরি মতন শুচি বসন ছাড়ি আয়রে ধুলার পরে।।

**অথবা**

বিশ্বের একটা বাহিরের দিক আছে, সেই দিকে যে সমস্ত একটা কল। সে দিকে তার বাঁধা নিয়মে একচুল এদিক ওদিক হবার জো নেই। এই বিরাট বস্তু বিশ্ব আমাদের নানারকমে বাধা দেয়, কুড়েমি করে বা মূর্খতা করে যে তাকে এড়াতে গেছে, বাধাকে সে ফাঁকি দিতে পারে নি নিজেকে ফাঁকি দিয়েছে। অপর পক্ষে বস্তুর নিয়ম যে শিখেছে, শুধু যে বস্তুর বাধা তার কেটেছে তা নয়, বস্তু স্বয়ং তার সহায় হয়েছে। বস্তু বিশ্বের দুর্গম পথে ছুটে চলবার বিদ্যা তার হাতে। সকল জায়গায় সকলের আগে সে পৌঁছাতে পারে বলে বিশ্ব ভোজনের প্রথম ভাগটা পড়ে তার পাতে। আর পথ হাঁটতে হাঁটতে যাদের বয়ে যায় তারা গিয়ে দেখে যে তাদের ভাগ্যে হয় অতি সামান্যই বাকি, নয় সমস্তটাই ফাঁকি।


Unnati Educations
9899436384, 9654279279

## বিভাগ-খ

## (ঐচ্ছিক বিষয়)

## (পর্যটন)

**21.** বৌদ্ধ তীর্থযাত্রীর ছদ্মবেশ কারা ধারণ করেছিলেন ? **1**

**22.** ইংল্যাণ্ডের প্রথম পর্যটন কোম্পানির নাম কী ? **1**

**23.** পর্যটনের উৎস কী ? **1**

**24.** পর্যটন শিল্প আপনার নিকট কী গুরুত্বপূর্ণ - ব্যাখ্যা করুন। **3**

**25.** কান্ডালা থেকে কলকাতার দূরত্ব কত ? উপকূল পর্যটন কেন মানুষকে টানে ? পার্বত্য ও পাহাড়ি এলাকা পর্যটনের ক্ষেত্রে ঝুকিপূর্ণ - কেন আপনি মনে করেন ? **2+7=9**

## বিভাগ-গ

## (ঐচ্ছিক বিষয়)

## (গণজ্ঞাপন)

**21.** গণজ্ঞাপন বলতে কী বোঝায় ? গণতন্ত্র রক্ষায় গণমাধ্যমের ভূমিকা উল্লেখ করুন। **3**

**22.** গণজ্ঞাপনের গুরুত্ব আলোচনা করুন। **3**

**23.** স্বাধীনতা আন্দোলনে অন্যতম চিরাচরিত মাধ্যম যাত্রাকে কে কাজে লাগিয়েছিল ? 'নাকাড়া', 'পটচিত্র', 'নৌটঙ্কি' সম্পর্কে আপনি যা জানেন লিখুন। **3**

**24.** সংবাদের ইতিবাচক ও নেতিবাচক দিকগুলি ব্যক্ত করুন। **6**

**- o O o -**



Unnati Educations
9899436384, 9654279279